

**গলাচিপায় স্কুলের বিম ধসে
দুই শিক্ষকসহ আহত ১৮**

■ গলাচিপা (পটুয়াখালী) সংবাদদাতা

গত মঙ্গলবার বিকালে গলাচিপা উপজেলার দক্ষিণ কলাগাছিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাদের বীম ধসে ২ শিক্ষকসহ ১৮ শিক্ষার্থী আহত হয়েছে। এলাকাবাসীর সহযোগিতায় আহতদের উদ্ধার করে পটুয়াখালী মেডিক্যাল কলেজ হাসপাতাল ও গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

প্রতিদিনের মত মঙ্গলবার দক্ষিণ কলাগাছিয়া প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি পাঠদান চলছিল। বিকাল সাড়ে তিনটায় হঠাৎ চতুর্থ ও পঞ্চম শ্রেণির শ্রেণি কক্ষের ছাদের বীম বিকট শব্দে ভেঙ্গে পড়ে। এ ঘটনায় তৃতীয় শ্রেণির তাইরান, সাথী, ফজিলাত, চতুর্থ শ্রেণির তাওহিদ, সামুন, জিহাদ, ইমরান, জুবায়ের ও পঞ্চম শ্রেণির বাইজিদ, সোহেলসহ ১৮ ছাত্র আহত হয়। এ সময় পাঠদানরত মমতাজ বেগম ও আকলিমা বেগম নামে ২ শিক্ষক আহত হন। বিদ্যালয়ের (ডারপ্রাপ্ত) প্রধান শিক্ষক ইব্রিস আহমেদ জানান, 'আমি ওই সময় লাইব্রেরিতে ছিলাম। কি কারণে ভীম ধসে পড়ল বলতে পারছি না।' উপজেলা শিক্ষা কর্মকর্তা মাহাতাব উদ্দিন/জানান, তিনি বুধবার ঘটনাস্থল পরিদর্শন করেছেন। বীমের কিছু অংশের প্রাক্তর খসে পড়েছে। বর্তমানে যথারীতি বিদ্যালয়ের পাঠদান চলছে।